

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মতীর্থিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২৩, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ আশাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/২৩ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৭১-আইন/২০২০/৮৯/কাস্টমস।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ৩ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১২৪-আইন/২০২০/৭৫/ কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (১) শর্তাবলির দফা (৮) এর প্রাতিষ্ঠিত “এবং” শব্দ বিলুপ্ত হইবে; এবং
- (২) শর্তাবলির দফা (৯) এর পরিবর্তে নিম্নবর্ণিত দফা (৯) ও (১০) প্রতিষ্ঠাপিত হইবে,
যথা :—

“(৯) কোন শিল্প প্রতিষ্ঠানে স্থাপিত অগ্নি নির্বাপক দরজা (Fire Resistant Door)
প্রতিষ্ঠাপনের প্রয়োজনে পুনরায় আমদানি করিতে হইলে উক্ত প্রতিষ্ঠানের
আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় দপ্তর উক্ত প্রতিষ্ঠান

(৫৭৯১)

মূল্য : টাকা ৪.০০

সরেজমিনে পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে উভ্রূপ আমদানির বিষয়ে প্রতিবেদন প্রেরণ করিবেন এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক অগ্নি নির্বাপক দরজা প্রতিস্থাপনের জন্য প্রয়োজনীয় পরিমাণ সুনির্দিষ্টভাবে উল্লেখ করিয়া দফা (৩) মোতাবেক প্রত্যয়নপত্র পণ্য শুঙ্খায়নকালে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে এবং এইক্ষেত্রে দফা (৩) হইতে দফা (৮) এর বিধানাবলি প্রযোজ্য হইবে; এবং

(১০) প্রত্যয়নপত্র মোতাবেক আমদানিকৃত পণ্য সংশ্লিষ্ট শিল্প বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে ব্যবহার করা হইলে আমদানিকারক কর্তৃক দাখিলকৃত অঙ্গিকারনামা ফেরতযোগ্য হইবে, অন্যথায় প্রযোজ্য শুঙ্খ-কর আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট হইতে আদায়যোগ্য হইবে।”।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।